



বিজ্ঞপ্তি

নং বিইএম/০২/০০৭

তারিখ: ০২ জুলাই ২০২৪

এতদ্বারা ওমানের ইব্রি, সাল্লালাহ ও বুরাইমি এবং এর পার্শ্ববর্তী এলাকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশী নাগরিকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাসের একটি কনসুলার টিম নিম্নবর্ণিত স্থানসমূহে ও তারিখে প্রয়োজনীয় সকল কনসুলার সেবা প্রদান করবে।

স্থান	কনসুলার ক্যাম্পের স্থান	তারিখ	সময়
ইব্রি	Ibri Castle Hotel	১২ জুলাই ২০২৪, শুক্রবার	সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত
		১৩ জুলাই ২০২৪, শনিবার	সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত
সাল্লালাহ	হোটেল ইউনাইটেড ডিমস-১২ (আকিল মসজিদের পার্শ্বে)	১৮ ও ১৯ জুলাই ২০২৪, বৃহস্পতি ও শুক্র	সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত
		২০ জুলাই ২০২৪, শনিবার	সকাল ০৯.০০ টা হতে দুপুর ১২.০০ টা পর্যন্ত
বুরাইমি	Bawadi Hotel Apartment	২৬ জুলাই ২০২৪, শুক্রবার	সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত
		২৭ জুলাই ২০২৪, শনিবার	সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত

কনসুলার সেবাসমূহ:

- ই-পাসপোর্টের আবেদন গ্রহণ;
- মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) নবায়ন, রিইস্যু ও নতুন (নবকজাতক) আবেদন গ্রহণ;
- অন্যান্য কনসুলার সেবা (জন্ম নিবন্ধন ও সংশোধন আবেদন গ্রহণ, ডকুমেন্টস সত্যায়ন, NOC ইত্যাদি);
- সংশ্লিষ্ট এলাকায় পূর্ববর্তী কনসুলার ট্যুরের সময় জমাকৃত আবেদনের বিপরীতে প্রস্তুতকৃত পাসপোর্টগুলো বিতরণ।

আবেদনকারীকে স্বশরীরে উপস্থিত হয়ে সেবা গ্রহণ করতে হবে। তবে ০৫ বছরের নিচের শিশুদের নিয়ে আসার প্রয়োজন নেই।


ই-পাসপোর্ট আবেদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস:	MRP রিইস্যুর জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট ও ফি:
<ul style="list-style-type: none">➤ https://www.epassport.gov.bd ওয়েবসাইটে অনলাইনে পূরণকৃত ই-পাসপোর্ট আবেদনের প্রিন্ট।➤ জাতীয় পরিচয় পত্র/ অনলাইন জন্ম নিবন্ধন।➤ পূর্বের MRP পাসপোর্ট ও ওমানের সিভিল আইডি।	<ul style="list-style-type: none">➤ পুরাতন পাসপোর্ট ও সিভিল আইডির কপি।➤ (ফটোকপির ব্যবস্থা আছে)➤ শ্রমিক ও ছাত্র- OMR 12.700 এবং সাধারণ ও পেশাজীবী- OMR 42.400

নতুন জন্ম নিবন্ধন আবেদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস: (শুধুমাত্র ওমানে জন্মগ্রহণকারী বাংলাদেশী নাগরিক)	
<ul style="list-style-type: none">➤ https://bdris.gov.bd ওয়েবসাইটে জন্ম নিবন্ধন আবেদনের কপি।➤ আবেদনের জন্য পিতা মাতার অনলাইন জন্ম নিবন্ধন থাকা আবশ্যিক।➤ ওমানের জন্ম নিবন্ধন/ চিকিৎসা প্রতিষ্ঠানের ছাড়পত্র/ চিকিৎসা প্রতিষ্ঠান প্রদত্ত জন্ম সংক্রান্ত সনদের কপি/ সংশ্লিষ্ট ব্যক্তির মেশিন রিডেবল পাসপোর্টের প্রথম ২ (দুই) পাতা অনুলিপি।	<ul style="list-style-type: none">➤ পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি।➤ পিতা মাতার নিকাহ নামা।➤ পিতা/মাতার সিভিল আইডি।➤ ফি OMR 2.00
যাদের জন্ম নিবন্ধন অত্র দূতাবাসে করা তারা দূতাবাস বরাবর https://bdris.gov.bd ওয়েবসাইটে সংশোধনের আবেদন করতে পারবেন।	

উক্ত এলাকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের প্রয়োজনীয় কনসুলার সেবা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

যোগাযোগ: +৯৬৮ ৯১৯৯৭৮৫২




০২/০৭/২০২৪
(থোইং এ)

দ্বিতীয় সচিব ও দূতালয় প্রধান

অনুলিপি:

০১. সকল কর্মকর্তা, অত্র দূতাবাস।
০২. বাংলাদেশ সোশ্যাল ক্লাব, ওমান।
০৩. নোটিশ বোর্ড।

ص.ب: ৩৯০৭, الرمز البريدي: ১১২, روي, مسقط, سلطنة عُمان, هاتف: ২৪৬৯ ৮৩৩৬, فاكس: ২৪৬৯ ৮৩৩৬

PO Box: 3959, PC: 112, Ruwi, Sultanate of Oman, Tel: (+968) 2469 8336, Fax: (+968) 2469 8789

E-mail: mission.muscat@mofa.gov.bd : برید الإلكتروني Website: <https://muscat.mofa.gov.bd> : موقع الإلكتروني